বাফুফে সভাপতির বিবৃতি – নভেম্বর ২০১৮

অ ১৫ দলের সাফ চ্যাম্পিয়নশিপ জয়

বাংলাদেশ অ-১৫ জাতীয় দল নেপালের কাঠমান্ডুতে পাকিস্তানকে হারিয়ে সাফ অনূর্ধ্ব ১৫ চ্যাম্পিয়নশিপ – ২০১৮ এর শিরোপা জিতেছে। নির্ধারিত সময়ে ম্যাচটি ১-১ গোলে ড্র হওয়ায় খেলাটি পেনাল্টিতে গড়ায়। এবং সেখানে ৩ – ২ গোলের জয় পায় লাল সবুজ পতাকাবাহীরা। এর আগে সেমিফাইনালে ভারতকেও ছেলেরা পেনাল্টি শুট আউটে ধরাশায়ী করে। সারা টুর্নামেন্ট জুড়ে আমাদের কিশোর দলটি তাদের অসাধারণ নৈপুণ্য দেখিয়েছে এবং সবশেষে তারা তাদের কঠোর পরিশ্রমের ফল হাতেনাতে পেয়েছে।

ছেলেদের এই সাফল্যের অংশীদার হতে পেরে বাংলাদেশ ফুটবল ফেডারেশন গর্বিত। নীলফামারীতে এই দলটির জন্য ৩ মাস ব্যাপী আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প ব্যবস্থা করেছিল বাফুফে। ছেলেরা সেখানে টুর্নামেন্টের জন্য এবং সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করে যার ফলাফল আমরা সবাই এখন দেখতে পাচ্ছি।

চ্যাম্পিয়নস ট্রফি জিতে ফিরে আসার পরও দলটির অনুশীলন চলছে। তারা এখন উয়েফা কর্তৃক পরিচালিত একটি প্রীতি টুর্নামেন্টের প্রস্তুতি নিচ্ছে।

অলিম্পিক কোয়ালিফায়ার ক্যাম্পেইন: দেশের মেয়েদের জন্য একটি অভিজ্ঞতা

যদিও বাংলাদেশ মহিলা অলিম্পিক দল অলিম্পিক ২০২০ এশিয়ান কোয়ালিফায়ারের একটি ম্যাচেও জয়লাভ করতে পারেনি, তবু এই টুর্নামেন্ট থেকে দলটি যে মূল্যবান অভিজ্ঞতা সংগ্রহ করেছে তা ভবিষ্যতে তাদেরকে আরও ভাল করতে সাহায্য করবে। টুর্নামেন্টে বাংলাদেশ প্রথম রাউন্ডে গ্রুপ সি তে ভারত, নেপাল এবং স্বাগতিক মায়ানমারের বিপক্ষে খেলেছে।

প্রথম ম্যাচে মিয়ানমারের বিপক্ষে বাংলাদেশ ৫-০ ব্যবধানে পরাজিত হয় এবং দ্বিতীয় ম্যাচে ভারতের কাছে ৭-১ গোলে হারে। নিজেদের বাজে সময় থেকে বেরিয়ে আসতে দলটি তৃতীয় এবং

চূড়ান্ত ম্যাচে নেপালের বিপক্ষে তাদের সর্বোচ্চ দিয়ে লড়েছে এবং ১-১ গোলের ড্র নিশ্চিত করেছে।

অনেকেই এই টুর্নামেন্ট থেকে প্রাপ্তির খাতা শুন্য দেখতে পারেন। তবে খেলোয়াড় এবং দল সংশ্লিষ্ট সকলেই নিশ্চিত যে এই স্তরে অর্জিত অভিজ্ঞতা আগামী দিনগুলোতে নারী ফুটবলের বিকাশে সহায়তা করবে। টুর্নামেন্ট থেকে ফিরে দলটি 'রেসিডেন্সি ক্যাম্পে পুনরায় যোগ দিয়েছে।

এই ক্যাম্প মূলত খেলোয়াড়দের সর্বদা প্রশিক্ষণের অধীনে রাখা এবং আসন্ন যে কোনও টুর্নামেন্টের জন্য পরিপূর্ণরূপে প্রস্তুত রাখার জন্য বাফুফের প্রচেষ্টারই অংশ। বাফুফে বিশ্বাস করে যে ধৈর্য ধরে রেখে প্রশিক্ষণ চালিয়ে যেতে পারলে শীঘ্রই বাংলাদেশের জন্য ভালো ফলাফল আসতে বাধ্য।

আবাহনী লিমিটেডের হ্যাটট্রিক ফেডারেশন কাপ জয়

আবাহনী লিমিটেড তাদের টানা তৃতীয়বারের মতো ফেডারেশন কাপের শিরোপা জিতেছে। ২৩ নভেম্বর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে বসুন্ধরা কিংসকে ৩-১ পরাজিত করে তারা এই হ্যাট্রিক শিরোপার স্বাদ নেয়। সব মিলিয়ে এটি আবাহনীর একাদশ ফেডারেশন কাপ শিরোপা।

মৌসুমের প্রথম টুর্নামেন্টের সফল পরিসমাপ্তি ঘটাতে পেরে বাফুফে সন্তুষ্ট।

স্বাধীনতা কাপ – ২০১৮ শুরু

ডিসেম্বরের ১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সাইফ স্পোর্টিং ক্লাব এবং টিম বিজেএমসির মধ্যকার ম্যাচটি দিয়ে মাঠে গড়ালো স্বাধীনতা কাপ ২০১৮। গ্রুপ বি তে ৫ টি দল সহ এই টুর্নামেন্টের ৪ টি গ্রুপে মোট ১৩ টি দল অংশগ্রহণ করেছে। আগামী ২৪ ডিসেম্বর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে পর্দা নামবে টুর্নামেন্টেটির।

নির্বাচিত অ – ১৫ ফুটবলারদের সাথে চুক্তিবদ্ধ হতে যাচ্ছে বাফুফে

বাংলাদেশ ফুটবল ফেডারেশন কয়েকজন নির্বাচিত অ – ১৫ খেলোয়াড়কে কেন্দ্রীয় চুক্তির আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করেছে। সম্প্রতি দেশের জন্য গৌরব বয়ে আনার জন্য বাফুফে ভবনে ছেলেদেরকে অভ্যর্থনা দেয়ার দিন অভিনন্দন জানিয়ে আমি তাদের কাছে এই পরিকল্পনাটি প্রকাশ করেছিলাম।

বাফুফে এই প্রতিভাবান খেলোয়াড়দেরকে নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণের মধ্যে রাখতে চায় যাতে কোন প্রতিভা হারিয়ে না যায়। তৃণমূল থেকে আরও খেলোয়াড় তুলে এনে তাদের প্রতিভা বিকাশের জন্য মানসিক ও আর্থিকভাবে তাদেরকে সমর্থন করার পরিকল্পনা গ্রহণ করেছে বাফুফে।

পরিকল্পনাটির অংশ হিসাবে আমরা বাফুফের কেন্দ্রীয় চুক্তির অধীনে এই দল থেকে নির্বাচিত কিছু খেলোয়াড় নিয়ে আসব। চুক্তির মেয়াদ হবে তিন বছর এবং খেলোয়াডড়েরা মাসিক বেতন পাবে।

দেশের ফুটবলের উন্নয়নকল্পে বাফুফে তার দীর্ঘমেয়াদী পরিকল্পনার অধীনে দেশের খেলোয়াড়দের প্রতিভা বিকাশে প্রতিশ্রুতিবদ্ধ। সেই সাথে খেলোয়াড়দেরকে তাদের বিকাশের জন্য সেরা সুবিধা দেওয়ার জন্য প্রতিষ্ঠানটি সম্ভাব্য সবকিছু করবে।

কোচদের প্রশিক্ষণের ওপর বাফুফের গুরুত্বারোপ

মানসম্মত খেলোয়াড় তৈরির লক্ষ্যকে সামনে রেখে মানসম্পন্ন কোচ গড়ে তুলতে সারা দেশে কোচদেরকে প্রশিক্ষণ দিয়ে চলেছে বাফুফে। ফুটবলের কৌশলগত মানোন্নয়নের লক্ষ্যেই কোচদের উন্নয়নে বাফুফে অগ্রাধিকার দিয়ে থাকে।

২০১৮ সালের চূড়ান্ত সি সার্টিফিকেট কোর্স ৩০ নভেম্বর তারিখে শেষ হয়। সারা দেশ থেকে কোচদের পূর্ণাঙ্গ অংশ নিয়ে এই স্তরে এটি বছরের চতুর্থ কোর্স ছিল। এএফসির সহায়তায় এই কোর্সটি পরিচালিত হয়। জেলা ও বিভাগ পর্যায়ে ফুটবলারদের সাথে কাজ করতে গিয়ে এই কোচদের দক্ষতা আরো বৃদ্ধি পাবে বলে বাফুফে বিশ্বাস করে।

কমলাপুর স্টেডিয়ামে পাঁচ দিন ব্যাপী অ-২৩ ক্যাম্প

১২ নভেম্বর থেকে ১৬ নভেম্বর পর্যন্ত বাংলাদেশ অ ২৩ জাতীয় দলের একটি পাঁচ দিনব্যাপী আবাসিক প্রশিক্ষণ ক্যাম্পের ব্যবস্থা করা হয়। আগামী বছরের মার্চে বাহরাইনে অনুষ্ঠিতব্য আসন্ন এএফসি অ-২৩ চ্যাম্পিয়নশিপ ২০২০ কোয়ালিফায়ারের জন্য দলটিকে প্রস্তুত করার লক্ষ্যে ক্যাম্পটি স্থাপন করা হয়েছিল। টুর্নামেন্টের দিকে পূর্ণ মনোযোগ রেখে বাফুফে যত তাড়াতাড়ি সম্ভব খেলোয়াড়দের প্রস্তুত করে তুলতে চায়। এই প্রতিযোগিতায় গ্রুপ বি-তে বাংলাদেশের সঙ্গে থাকবে বাহরাইন, শ্রীলঙ্কা এবং ফিলিস্তিন। সংক্ষিপ্ত সময়ের এই ক্যাম্পের মধ্য দিয়ে কোচ জেমি ডে খেলোয়াড়দের সামর্থ্য এবং প্রতিবন্ধকতা সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন।

ওমানে এএফসি বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান

বাফুফের নারী ফুটবল কমিটির সভাপতি, বাফুফের নির্বাহী সদস্য, এএফসির নির্বাহী সদস্য এবং ফিফা কাউন্সিলে এএফসির প্রতিনিধি মাহফুজা আক্তার কিরণ গত ২৮ নভেম্বর ওমানের মাস্কটে অনুষ্ঠিত এএফসির বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে জাপানের আসাকো তাকাকুরার হাতে বর্ষসেরা এএফসি নারী কোচ পুরস্কার তুলে দেন কিরণ। এশিয়ার সেরা ফুটবল ব্যক্তিত্বদেরকে সম্মানিত করা হয় মাস্কটে অনুষ্ঠিত জমকালো ওই অনুষ্ঠানে।

অ ১৫ দল উয়েফা প্রীতি টুর্নামেন্ট এর জন্য প্রস্তুতি

এ বছর সাফ অ-১৫ চ্যাম্পিয়নশিপ জিতে দেশে ফিরে আসার পর প্রতিভাবান কিশোর দলটি কৌশলগত দক্ষতা ও মানসিক দৃঢ়তা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ক্যাম্পের অধীনে ছিল। ইউনিয়ন অফ ইউরোপিয়ান ফুটবল অ্যাসোসিয়েশনস (উয়েফা) কর্তৃক আয়োজিত চারটি দেশের অংশগ্রহণে প্রীতি টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য শীঘ্রই অ-১৫ দল আবারও বিদেশ যাচ্ছে। উয়েফার সহযোগী মিনি টুর্নামেন্ট প্রকল্পের অধীনে থাইল্যান্ডে ১০ ডিসেম্বর থেকে শুরু হতে যাচ্ছে টুর্নামেন্টটি।

উয়েফার সহযোগিতায় থাইল্যান্ড ফুটবল ফেডারেশন টুর্নামেন্টটির আয়োজন করছে যেখানে স্বাগতিক থাইল্যান্ড, সাইপ্রাস মালদ্বীপ ও বাংলাদেশ অংশগ্রহণ করছে।

১০ ডিসেম্বর প্রথম ম্যাচে ইউরোপের প্রতিপক্ষ সাইপ্রাসের খেলতে নামবে বাংলাদেশ। এরপর ১৪ ডিসেম্বর মালদ্বীপের বিপক্ষে তাদের শেষ ম্যাচের আগে লাল সবুজ দল ১২ ডিসেম্বর স্বাগতিকদের মুখোমুখি হবে।

ঢাকা ব্যাংকের সাথে বাফুফের স্পন্সরশীপ চুক্তি

ঢাকা ব্যাংকের সাথে বাফুফে নারী ফুটবলের স্পন্সরশীপ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করেছে। ঢাকা ব্যাংকের চেয়ারম্যন জনাব রিশাদুর রহমান নারী ফুটবলের উন্নয়নকল্পে বাফুফের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন। আমি ঢাকা ব্যংককে তাদের এমন উদ্যোগের জন্য ধন্যবাদ জানাতে চাই।

জানুয়ারি ২০১৯ থেকে প্রিমিয়ার লীগের নতুন মৌসুম

জানুয়ারির প্রথম সপ্তাহ থেকেই শুরু হতে যাচ্ছে প্রিমিয়ার লীগের ২০১৮-১৯ মৌসুম। সাতটি মোট সাতটি ভেন্যুতে এই লীগের খেলা অনুষ্ঠিত হবে। প্রথম ডিভিশন লিগের খেলা শুরু হওয়ার কথা ছিল নভেম্বরের ত্রিশ তারিখ থেকে। কিন্তু আসন্ন জাতীয় নির্বাচনের কথা মাথায় রেখে খেলার সময়সূচী পুনর্বিন্যাস্ত করা হয়েছে। অংশগ্রহনকারী দলগুলোর অনুরোধক্রমেই সময়সূচীর এই পরিবর্তন।

বাফুফে লটারির পুরষ্কার প্রদান

দেশের ফুটবলের কল্যাণে ফান্ড গঠন করার উদ্দেশ্যে বাফুফে আয়োজন করে ‘বাফুফে লটারি – ২০১৮’। এ বছরের ১৩ মার্চ লটারি ছাড়া হয় এবং ২৬ মে ড্র অনুষ্ঠিত হয়। গত ২৬ নভেম্বর বিজয়ীদের হাতে পুরষ্কারের টাকা তুলে দেয়া হয়।